গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.২৫৫.২০-৭৬৮

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৭ / ১০ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ পিপিআর, ২০০৮ এর বিধান অনুসরণপূর্বক সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়া সম্পাদন।
সূত্র: দুর্নীতি দমন কমিশনের পত্র নং ০০.০১.০০০০.৫০২.০১.০০৯.১৪-২২৫০২(৩). তারিখ ১২/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরাসরি ক্রয় পদ্ধতিতে কেবল একক ডিলার ও উৎপাদনকারী কর্তৃক পণ্য সরবরাহ করার বিধান থাকলেও তা না করার প্রবণতা কতিপয় বিভাগ/সংস্থার মধ্যে পরিলক্ষিত হয় মর্মে দুর্নীতি দমন কমিশন জানিয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/সংস্থাসমূহ যাতে পিপিআর, ২০০৮ অনুসরণ করে তাদের ক্রয় প্রক্রিয়া/সেবা কার্যক্রম পরিচালনা করে সে বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য দুর্নীতি দমন কমিশন অনুরোধ জানিয়েছে।

০২। উল্লেখ্য, সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রসমূহ পিপিআর, ২০০৮ এর বিধি ৭৬'এ বর্ণিত আছে। তন্মধ্যে, কেবল একজন স্বত্বাধিকারী বা একক ডিলারের নিকট থেকে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রসমূহ পিপিআর, ২০০৮ এর বিধি ৭৬(১) এর উপবিধি (ক) ও (গ) তে উল্লেখ করা হয়েছে। অন্যদিকে সরকারি প্রতিষ্ঠান হতে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত হবে মর্মে পিপিআর, ২০০৮ এর বিধি ৭৬(১)(ছ)-তে উল্লেখ করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, পিপিআর, ২০০৮ এর বিধি ৭৬(১) এ বর্ণিত অন্যান্য ক্ষেত্র এবং বিধি ৭৬(২), (৩), (৪) ও (৫) প্রয়োগের মাধ্যমে সরাসরি চুক্তির অধীনে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের বিধান রয়েছে। পিপিআর, ২০০৮ এর বিধি ৭৬ এর সংস্থান অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণের ক্ষেত্রে বিধি ৭৪ এবং বিধি ৭৫ এর বিধানসমূহ প্রযোজ্য হবে মর্মে নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায় সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর উল্লিখিত বিধানাবলি যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল ক্রয়কারীকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ
ডায়েরী নং- ৭২২ তারিখ ১৭/১২/২০২০

১০.১২.২০২০
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪৮১১৯৪০০

সিনিয়র সচিব/সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-ই বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।